

## বণিক বার্তা, ২০১৮-১১-২৬, পৃঃ ০৮

### ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে 'সিএসই ক্যারিয়ার ফেস্ট ২০১৮'

ফেস্টের প্রথম দিনের আয়োজনে ছিল 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট'। এ রিক্রুটমেন্ট প্যানেলে অংশগ্রহণ করে তথ্যপ্রযুক্তি ও সফটওয়্যারভিত্তিক বিভিন্ন কোম্পানি। ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের বর্তমান ও সদ্য পাস করা শিক্ষার্থীরা চাকরির জন্য তাদের সিভি জমা দেন



ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যাড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগের উদ্যোগে ২০ ও ২২ নভেম্বর ২০১৮ 'সিএসই ক্যারিয়ার ফেস্ট ২০১৮' অনুষ্ঠিত হয়। এ ফেস্টে বর্তমান শিক্ষার্থী ও স্নাতকদের সরাসরি চাকরির সুযোগ ও কর্মক্ষেত্রে সিএসইর প্রয়োগ সম্পর্কে বিস্তারিত জানানো হয়।

ফেস্টের প্রথম দিনের আয়োজনে ছিল 'ক্যাম্পাস রিক্রুটমেন্ট'। এ রিক্রুটমেন্ট প্যানেলে অংশগ্রহণ করে তথ্যপ্রযুক্তি ও সফটওয়্যারভিত্তিক বিভিন্ন কোম্পানি। ইষ্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের বর্তমান ও সদ্য পাস করা শিক্ষার্থীরা চাকরির জন্য সিভি জমা দেন।

ফেস্টের দ্বিতীয় দিনে ২২ নভেম্বর ২০১৮ ছিল চারটি সেশন। এর মধ্যে ছিল চাকরিপ্রার্থীদের সাক্ষাৎকার প্রক্রল, ক্যাম্পাস রিক্রুটমেন্টে জমা পড়া সিভির মূল্যায়ন, তৃতীয় সেশনে ছিল 'ক্যারিয়ার টক'।

অনুষ্ঠানের সমাপনী সেশনে ছিল 'ইন্ডাস্ট্রিয়াল টক'।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব আবদুল্লাহ আল হাসান চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন ইষ্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. ফরকরূল আলম। এছাড়া উপস্থিত ছিলেন টেকনোহেডের কোম্পানি লিমিটেডের সিইও হাবিবুল্লাহ এন করিম, ব্রেন স্টেশন ২৩-এর সিওও এমজে ফেরদৌস, ই-জেনারেশন লিমিটেডের নির্বাহী সহসভাপতি এসএম আশরাফুল ইসলাম ও বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশনের তথ্য ব্যবস্থাপনা, যোগাযোগ ও প্রশিক্ষণ বিভাগের অতিরিক্ত পরিচালক মো. মাকসুদুর রহমান তুহিয়া। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সিএসই বিভাগের চেয়ারপারসন ড. আহমেদ ওয়াসিফ রেজা।

■ ফিচার ডেক্স

